

(প্রেস বিজ্ঞপ্তি)

৬ জুলাই ২০২২ খ্রি.

পূর্ব ষোলশহর ওয়ার্ড ইউনিট আওয়ামী লীগের সহসভাপতি মো. ওমর ফারুকের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পূর্ব ষোলশহর ওয়ার্ড ইউনিট আওয়ামী লীগের সহসভাপতি মো. ওমর ফারুকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তুষ্ট পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

সড়ক নির্মাণের জায়গা থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে বায়েজিদ থানাধীন বায়েজিদ বোস্কাই হতে অক্সিজেন সড়ক ও জনপথ বিভাগের স্টাফ কোয়ার্টারের পাশ দিয়ে শহীদ আবদুর রব সড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণের জায়গা থেকে ৭টি অবৈধ স্থাপনা উচ্ছেদে করা হয়। অভিযানকালে সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম ও স্থানীয় ওয়ার্ডর কাউন্সিলর শাহেদ ইকবাল বাবু উপস্থিত ছিলেন। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‍্যাব, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, বায়েজিদ থানা পুলিশ ও ৩১ আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩